# বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র লোগো/মার্ক ব্যবহারের নীতিমালা

**ভুমিকা**

বাংলাদেশ উত্তম কৃষি চর্চা প্রত্যয়নের প্রণীত লোগো/মার্ক স্কিমওনারের একটি সংরক্ষিত প্রতীক হিসেবে থাকবে। স্কিমওনারের স্বীকৃত উপযুক্ত কোনো সার্টিফিকেশন বডি বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র লোগো/মার্ক ব্যবহারের নীতিমালা চুক্তিবদ্ধ থেকে মেনে চলবে। বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র স্কিমওনার হিসেবে সকল কৃষিপণ্যে ব্যবহারের জন্য এ জাতীয় সার্টিফিকেশন মার্ক প্রণয়নের স্বত্ত্বাধীকারী সংরক্ষণ থাকবে।

**লক্ষ্য**

১. GAP স্কিমওনার হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সংরক্ষিত লোগো/মার্ক বাংলাদেশ উত্তম কৃষি চর্চা প্রত্যয়নের একটি প্রতীক হিসেবে ব্যবহৃত হবে।

২. Bangladesh GAP স্কিমের স্বীকৃত প্রত্যয়ন বডি (সিবি) দ্বারা প্রত্যয়িত শাকসবজি, ফলমূল ও অন্যান্য ফসলের উৎপাদক/উৎপাদকদলই কেবলমাত্র Bangladesh GAP লোগো/মার্ক ব্যবহার করবে।

**লোগো/মার্ক এর আকৃতি**

বাংলাদেশ উত্তম কৃষি চর্চার লোগো/মার্ক গাঢ় সবুজ রং এ লিখিত Bangladesh GAP, Good Agricultural Practices ও উত্তম কৃষি চর্চা, এবং এর চারপাশে গোলাকার গাঢ় সোনালী রং, বাহিরে সবুজ রঙের বর্ডার, মাঝে গাঢ় সবুজ বর্ণের পাতা ও পাতার শিরা সম্পূর্ণ সাদা, গাঢ় লাল বৃত্তসহ সর্বোপরি গোলাকার (যার অনুপাত ১:১) ৪টি উজ্জ্বল রঙের লোগো/মার্ক (সংযুক্ত তফশিল-১ ভুক্ত প্রতীক)।

**পরিধি**

বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র লোগো প্রত্যয়ন সংস্থা কর্তৃক অনুমোদিত প্রত্যয়িত শাকসবজি, ফলমূল ও অন্যান্য ফসলের উৎপাদক বা উৎপাদকদলের ব্যবহারের নিয়মাবলী/নির্দেশনাসমূহ এ অনুচ্ছেদে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## GAP লোগো/মার্ক ব্যবহারের মানদন্ড

১. শাকসবজি, ফলমূল ও অন্যান্য ফসলের উৎপাদক/উৎপাদকদল স্বীকৃত উপযুক্ত প্রত্যয়ন সংস্থা বরাবর Bangladesh GAP লোগো/মার্ক ব্যবহারের জন্য বাংলাদেশ উত্তম কৃষি চর্চা মানদন্ড (Standards) অনুসারে সনদ অনুমোদন চেয়ে আবেদন করতে হবে।

২. উৎপাদক/উৎপাদকদল কর্তৃক বাংলাদেশ উত্তম কৃষি চর্চা মানদন্ডের সকল মডিউল যথাযথভাবে অনুসরণ করলেই কেবলমাত্র GAP লোগো/মার্ক ব্যবহার এর অনুমোদন পাবে।

## GAP লোগো/ মার্ক এর ব্যবহার

প্রত্যয়িত শাকসবজি, ফলমূল ও অন্যান্য ফসলের উৎপাদক/উৎপাদকদল ও প্রত্যয়ন সংস্থার মধ্যে একটি বৈধ প্রয়োগযোগ্য চুক্তিপত্র সম্পাদন করতে হবে যাতে নিম্নবর্ণিত শর্তাবলী/নির্দেশনাসমূহ অনুসরণে সম্মতি সাপেক্ষে বাংলাদেশ উত্তম কৃষি চর্চা লোগো/মার্ক ব্যবহার করার অনুমতি পাবে-

১. বাংলাদেশ উত্তম কৃষি চর্চা মানদন্ডের সকল মডিউলের ক্ষেত্রে একটিই GAP লোগো/মার্ক ব্যবহৃত হবে।

২. লোগো এমনভাবে ব্যবহার করতে হবে যাতে ফসল উৎপাদনে উত্তম কৃষি চর্চা অনুসরণ করা হয়েছে তা নিশ্চিত হয়। উত্তম কৃষি চর্চা অনুসরণ ব্যাতিরেকে উৎপাদিত অন্য কোন পণ্যে এই GAP লোগো/মার্ক ব্যবহার করা যাবে না।

৩. Bangladesh GAP লোগো/মার্ক আনুপাতিক হারে সংকুচিত ও বৃহৎ আকারে ব্যবহার করা যাবে এবং এর আকার, রং ও লেখা'র কোনরূপ পরিবর্তন করা যাবে না।

৪. উৎপাদিত পণ্যে (লট) Bangladesh GAP লোগো/মার্ক প্রত্যয়িত খামারের ঠিকানাসহ এমনভাবে ব্যবহার করতে হবে যাতে পণ্য গ্রহীতা বুঝতে পারে যা উত্তম কৃষি চর্চা প্রত্যয়িত।

৫. উত্তম কৃষি চর্চা'র লোগো শাকসবজি, ফলমূল ও অন্যান্য ফসলের পণ্যে বা মোড়কে/ধারকে মার্ক ব্যবহার করা যাবে এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার সামগ্রী, ক্ষুদ্রপুস্তিকা, লেটার হেড, অন্যান্য স্টেশনারী দ্রব্যে এবং যোগাযোগের জন্য মিডিয়ায় ব্যবহার করা যাবে।

৬. প্রত্যয়িত উৎপাদক ইস্যুকৃত লোগো/মার্ক সম্বলিত সার্টিফিকেট প্রচারণা হিসেবে ব্যবহার করতে পারবে।

৭. উৎপাদিত পণ্য লট আকারে পরিবহণের সময় সর্তক থাকতে হবে যাতে Bangladesh GAP লোগো/মার্ক শুধু প্রত্যয়িত কৃষক কর্তৃক ব্যবহৃত হয়। অপ্রত্যয়িত সাধারণ মালিকানাধীন খামারের উৎপাদিত পণ্যের জন্য এই লোগো/মার্ক ব্যবহার করা যাবে না।

৮. প্রত্যয়িত উৎপাদক/উৎপাদকদল কর্তৃক লোগো/মার্ক সম্পর্কে কোনো বিভ্রান্তিকর তথ্য দাবি করা যাবে না।

৯. স্কিমওনারের কোনো রকমের সুনাম/খ্যাতিহানি হয় এমন প্রত্যয়িত উৎপাদক/উৎপাদকদল কর্তৃক বাংলাদেশ উত্তম কৃষি চর্চা লোগো/মার্ক ব্যবহার করা যাবে না।

১০. প্রত্যয়িত উৎপাদক/উৎপাদকদলকে বাংলাদেশ উত্তম কৃষি চর্চা প্রত্যয়ন স্থগিত বা প্রত্যাহার করার পর এই লোগো/মার্ক ব্যবহার ও প্রচার প্রচারণা থেকে বিরত থাকতে হবে এবং কোনো ধরনের প্রচার প্রচারণা করা যাবে না।

১১. প্রত্যয়িত উৎপাদক/উৎপাদকদল কর্তৃক বাংলাদেশ উত্তম কৃষি চর্চা লোগো/মার্ক ব্যবহারের ক্ষেত্রে প্রত্যয়ন সংস্থা কর্তৃক অনুসৃত ISO/IEC 17065:2012 অনুসরণ না করলে স্কিমওনার প্রয়োজনানুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১২. সরকার কর্তৃক অননুমোদিত কোন পণ্য, নেশাজাতীয় কোন দ্রব্যে এ লোগো/মার্ক ব্যবহার করা যাবে না।

১৩. লোগো/মার্ক ব্যবহারের নিয়মের ব্যত্যয় ঘটলে মাত্রার উপর ভিত্তি করে ব্যবস্থা গ্রহণের পর্যায় সতর্কীকরণসহ বাতিলকরণ পর্যন্ত হতে পারে। যদি তা বার বার সংঘঠিত হয় এবং প্রত্যয়িত উৎপাদক/উৎপাদকদল যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা থেকে বিরত থাকে তবে প্রত্যয়ন সংস্থা প্রত্যয়ন প্রত্যাহার করে নিতে পারবে।

১৪. প্রত্যয়ন সংস্থা লোগো/মার্ক এর ত্রুটিপূর্ণ ব্যবহারের জন্য যেকোনো ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিতে পারে বা প্রয়োজনে ট্রেডমার্ক (সংশোধন) আইন ২০১৫, ট্রেডমার্ক বিধিমালা ২০১৫ অনুসারে আইনগত ব্যবস্থা নিতে পারবে।

**প্রত্যয়ন সংস্থার বাধ্যবাধকতা**

১. সার্টিফিকেশনের যাবতীয় শর্তাবলিপূরণ সাপেক্ষে সার্টিফিকেশন বডির উপযুক্ত প্রতিনিধি ও উৎপাদক/উৎপাদকদলের সঙ্গে লোগো/মার্ক ব্যবহারের অঙ্গীকারনামা স্বাক্ষরিত একটি কপি স্কিমওনার বরাবর প্রেরণ করতে হবে।

২. প্রত্যয়ন সংস্থা কর্তৃক উৎপাদক/উৎপাদকদলের কার্যক্রম পরিবীক্ষণকালে লোগো/মার্ক ব্যবহারে বিষয়াবলি এমনভাবে মনিটরিং করতে হবে যাতে স্কিমওনার কর্তৃক লোগো/মার্ক ব্যবহারের স্বত্ত্বা বজায় থাকে।

**ফি প্রদান**

বাংলাদেশ উত্তম কৃষি চর্চা'র লোগো/মার্ক ব্যবহারের জন্য প্রাথমিক পর্যায়ে প্রত্যয়নের জন্য উৎপাদক/উৎপাদকদলসমূহকে কোনরূপ ফি প্রদান করতে হবে না। প্রয়োজনীতার নিরীখে পরবর্তীতে ফি'র পরিমান নির্ধারণ করা যেতে পারে।